| স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের "ঔষধ তত্ত্বাবধায়ক" পদের বাছাই (MCQ Type) পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস। |
|---|


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd


# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০০৩.২০-৯০৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ / ১৫ ফেব্রুয়ারি ২০২২

**বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের "ঔষধ তত্ত্বাবধায়ক" [৯ম গ্রেড] পদের প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।**

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের **ঔষধ তত্ত্বাবধায়ক [৯ম গ্রেড]** পদের প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | ক্রমিক নম্বর | পরীক্ষার কেন্দ্র | বিষয় | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| **ঔষধ তত্ত্বাবধায়ক [৯ম গ্রেড]** [বিজ্ঞপ্তির তারিখ : ১১.০৬.২০২০, বিজ্ঞপ্তির নম্বর-৩৫] | ২৩.০২.২০২২ (বুধবার) বিকাল-৩.০০ মিনিট থেকে বিকাল ৪.০০ মিনিট পর্যন্ত | ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | রসায়ন | 000004 - 800478 | ১৩৯৬ জন |
| | | ২. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ফলিত রসায়ন | 000035 - 800370 | ৪৪১ জন |
| | | | | প্রাণ রসায়ন | 000109 - 800443 | ৬১৫ জন |
| | | ৩. | গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ফার্মাসী | 000001 - 001453 | ১০০০ জন |
| | | ৪. | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ফার্মাসী | 001456 - 003164 | ১০০০ জন |
| | | ৫. | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ফার্মাসী | 003168 - 200203 | ১০০০ জন |
| | | ৬. | নিউ মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয়, শুক্রাবাদ (রাসেল স্কয়ার), ঢাকা-১২০৭ | ফার্মাসী | 200206 - 800448 | ৬৮০ |
| | | | | মাইক্রোবায়োলজি | 000219 - 400253 | ২৯ জন |
| | | ৭. | হাজী আশ্রাফ আলী হাই স্কুল, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা- ১২১৬ | ডক্টর অব ভেটেরিনারি সাইন্স | 000013 - 800487 | ১০২৫ জন |

## সময়সূচি ও নির্দেশাবলি :

| সময় | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| ২.০০-২.৩০ মিনিট | **পরীক্ষার্থীরা নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।** |
| ২.৩০ মিনিট | **পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীরা উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।** |
| ৩.০০ মিনিট | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে প্রশ্নের সেট নম্বর মুদ্রিত থাকবে। উত্তরপত্রের ৪টি সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। |
| ৪.০০ মিনিট | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১. **পরীক্ষার্থীরা সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো পরীক্ষার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।**

২. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ পরীক্ষার্থীরা **ঔষধ তত্ত্বাবধায়ক** পদের বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

৩. কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৪. প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরন করতে হবে।

৫. **বিকাল ৩.০০ মিনিট পর কোনো পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।**

৬. পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণ করে রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।

৭. **পরীক্ষার্থীদের বিষয় ভিত্তিক নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কেন্দ্রে/কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।**

৮. **হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৯. প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীরা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

১০. **পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে কিংবা উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।**

১১. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদেরকে ১৭.০২.২০২২ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময়ে] শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রদান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৭ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১২. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনের দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১৩. পরীক্ষার্থীদের ১০০ নম্বরের অবজেকটিভ ধরণের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ০১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা হবে। পরীক্ষার পূর্ণ সময় ০১ (এক) ঘন্টা।

১৪. পরীক্ষার্থীদেরকে বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়-৪০টি সহ মোট ১০০ নম্বরের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে তাদেরকে ০৪টি বিষয়ের ১০০ নম্বরের OMR FORM এ উত্তর প্রদান করতে হবে।

১৫. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য [Substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৬. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/ভ্যানিটি ব্যাগ, গহনা-অলঙ্কার, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড এবং এর সদৃশ্য কোনো কিছু, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক্স ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ্য মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক্স ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫/২/২০২২

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[যুগ্মসচিব]